

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

নং-৪৬. ০২০. ০০৪. ০০. ০১. ৪৫৩. ২০১৪- ২৬৭


তারিখ: ২৪/১/১৬

বিষয়: রীট পিটিশন নং-৯৬৮২/২০১৪ মামলায় সরকার পক্ষে দফাওয়ারী জবাব দাখিলসহ মামলাটি নিষ্পত্তিকরণ সংক্রান্ত।

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে কর্মরত নন-ক্যাডার সহকারী প্রকৌশলীদের জ্যেষ্ঠতা নির্ধারণ এবং নতুন নিয়োগে নন-ক্যাডার সহকারী প্রকৌশলীদের ৫০% কোটা রাখা সংক্রান্ত বিষয়ে জনাব মোঃ সুলতান মাহমুদ বর্ণিত রীট পিটিশনে সরকার পক্ষে দফাওয়ারী জবাব এ বিভাগে প্রেরণের জন্য আইন-১ অধিশাখা হতে প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে গত ০২-০২-২০১৪খ্রিঃ তারিখে অনুরোধ করা হয়। চাহিত জবাব অদ্যাবধি পাওয়া যায়নি। পরবর্তীতে এ বিভাগের পাস-১ শাখার চাহিদার প্রেক্ষিতে সরকার পক্ষে জবাব প্রদানে ০২(দুই) মাস বর্ধিত সময় মঞ্জুরের জন্য আইন-১ শাখা হতে গত ০২-০২-২০১৫খ্রিঃ তারিখে বিজ্ঞ সলিসিটরকে অনুরোধ করা হয়। ইতোমধ্যে দীর্ঘদিন অতিবাহিত হলেও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর হতে কোন জবাব পাওয়া যায়নি। মামলাটির সর্বশেষ অবস্থা জানানোর জন্য এ বিভাগের পাস অধিশাখাকে হতে আইন শাখাকে অনুরোধ করা হয়েছে।

২। এমতাবস্থায়, সরকারি স্বার্থ বিবেচনায় বর্ণিত রীট পিটিশনে সরকার পক্ষে দফাওয়ারী জবাব প্রস্তুতসহ মামলাটি নিষ্পত্তির যাবতীয় কার্যক্রম গ্রহণকরতঃ মামলার সর্বশেষ অবস্থা সম্পর্কে সময় সময় এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো। এতদসঙ্গে মামলার রুল, আরজি ও আনুষঙ্গিক কাগজপত্রাদি প্রেরণ করা হলো।

০৩। বিষয়টি অতিব জরুরি।


(মোঃ শাহান আলী রাজা বাঙালী)
উপসচিব
৯৫৪০৯৫

জনাব এসকে. শফিক মাহমুদ পুস্প
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। উপসচিব (পাস-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৫। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৮। সহকারী কম্পিউটার প্রোগ্রামার (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।